

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২১৩০

আগরতলা, ১০ ডিসেম্বর, ২০২৪

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘জঙ্গলে আবদ্ধ মধুপুর হাসপাতালের হোস্টেল’- শিরোনামে গত ৮ ডিসেম্বর ২০২৪ ত্রিপুরা দর্পণ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চত্বরে ছোট বোপঝাড় এবং গাছপালা পরিষ্কার করা হয়েছে। মধুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে পর্যাপ্ত সংখ্যক চিকিৎসক রয়েছে। এখানে মোট চিকিৎসকের সংখ্যা ৬জন। মধুপুর প্রাথমিক হাসপাতালে অন্তর্বিভাগ ও বহির্বিভাগে রোগীদের যথাযথ পরিষেবা প্রদান করা হচ্ছে।

\*\*\*\*\*